

# 20mph এর জন্য তৈরি থাকুন



Llywodraeth Cymru  
Welsh Government



**17 সেপ্টেম্বর 2023** থেকে,

ওয়েলস জুড়ে যেসব রাস্তায় **30mph** গতির সীমা রয়েছে তার বেশিরভাগই **20mph** এ পরিবর্তিত হবে।

আমরা যেখানে বসবাস করি, কাজ করি এবং খেলাধুলা করি সেখানে গতির সীমা **20mph** থাকলে তা প্রত্যেকের জন্য নিরাপদ। আসুন একে অপরের খেয়াল রাখি।



**#ReadyFor20mph**



# 20mph ই সবথেকে নিরাপদ

দূর থেকে আপনি **20mph** বেগে থাকা একটি গাড়ি সহজেই থামাতে পারেন, কিন্তু একটি **30mph** এ থাকা গাড়ি থামানোর সময়ে **24mph** গতিতে চলো এবং গাড়ি নিয়ে **20mph** এর বদলে যখন কাউকে **30mph** বেগে ধাক্কা দেওয়া হয়, তখন সেই ধাক্কায় মৃত্যুর সম্ভাবনা প্রায় পাঁচগুণ বেশি।

একটি জনস্বাস্থ্য সমীক্ষার হিসেব অনুযায়ী **20mph** গতি সীমায় স্থানান্তরিত হওয়ার ফলে প্রতি বছর ওয়েলসে:


- 40% কম সংঘর্ষ
- 6 থেকে 10টি জীবন বেঁচে যাবে
- 1,200 থেকে 2,000 মানুষ আঘাত এড়াতে পারবেন।<sup>1</sup>

বেশিরভাগ যাত্রা প্রায় এক মিনিট দীর্ঘ হবে,<sup>2</sup> সামগ্রিক ভাবে আমরা আশা করতে পারি যে:

- কম সংঘর্ষ, আহত হওয়া এবং মৃত্যুর সংখ্যা কমে যাওয়ায় আমাদের রাস্তা এবং এলাকাগুলি আরও নিরাপদ হবে - (যার ফলে জরুরি পরিষেবা এবং NHS এর উপর চাপ অনেকটা কমবে)
- এর ফলে আমাদের এলাকাগুলিতে হেঁটে বেড়ানো, সাইকেল বা গাড়ি চালানোর ক্ষেত্রে সব বয়সী মানুষজন আরও বেশি নিরাপদ বোধ করবেন
- এতে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্যও আমাদের স্বাস্থ্য এবং সুস্থ থাকার উন্নতি হবে।

1) জোল, এস., ব্রাউন, এইচ, "প্রতি ঘণ্টায় কুড়ি মাইল গতি সীমা: ওয়েলসে জনস্বাস্থ্য সমস্যার একটি টেকসই সমাধান", জার্নাল অফ এপিডেমিওলাজি অ্যান্ড কমিউনিটি হেলথ, (2017)

2) সীমাবদ্ধ রাস্তাগুলির ব্যাখ্যামূলক স্মারকলিপি (প্রতি ঘণ্টায় কুড়ি মাইল গতি সীমা) (ওয়েলস) আদেশ 2022



# রাস্তার আলো দেখছেন? 20mph এর কথা চিন্তা করুন

আপনি যখন রাস্তার আলো দেখেন,  
তখন ধরে নিন যে গতি সীমা  
**20mph** রয়েছে, অন্যথায়  
আপনি কিছু চিহ্ন দেখতে পাবেন  
যার মানে অন্য কিছু।

আবাসন লাগোয়া বা গড়ে তোলা কিছু এলাকায়  
রয়েছে সর্বাধিক ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি যেখানে মানুষ  
এবং যানবাহন এসে জড়ো হয়েছে।

আমাদের সকলের জন্য রাস্তাগুলিকে নিরাপদ  
করে তুলতে **GoSafe**, পুলিশ এবং অন্য  
পার্টনাররা আমাদের সম্প্রদায়ের সাথে জড়িত  
থাকবে ও এ নিয়ে সচেতনতা  
বাড়াবে এবং **20mph** গতির  
সীমা প্রয়োগ করবে।

মনে রাখবেন:  
রাস্তার আলো দেখুন,  
**20mph** এর কথা চিন্তা করুন

# 20mph. একটু ধীরে, কিন্তু অনেকটাই ভালো।

ওয়েলসের বেশির ভাগ মানুষ (**63%**)  
তাঁদের বসবাসের জায়গায় কম গতিসীমা  
সমর্থন করেন।<sup>3</sup>

নিরাপদ রাস্তা এবং স্বাস্থ্যকর এলাকা তৈরি করতে  
সহায়তা করুন: লোকজন বসবাস করে, কাজ করে  
এবং খেলাধুলা করে এমন সব এলাকার সংলগ্ন  
রাস্তায় **20mph** বা তার কম গতিতে ডিফল্ট  
হিসেবে গাড়ি চালান।

আপনি এখানে **20mph** সম্পর্কে আরও তথ্য  
পেতে পারেন

[gov.wales/readyfor20](https://gov.wales/readyfor20)

আপনার স্থানীয় রাস্তাগুলি সম্পর্কে জানতে,  
[datamap.gov.wales](https://datamap.gov.wales) ওয়েবসাইটে যান  
(সার্চ বারে '20mph' টাইপ করুন), অথবা  
আপনার স্থানীয় কাউন্সিলের ওয়েবসাইট দেখুন।

এই লিফলেটটি বিকল্প ফর্ম্যাটেও  
পাওয়া যায়: অনুগ্রহ করে  
[customerhelp@gov.wales](mailto:customerhelp@gov.wales)  
এ ইমেল করুন বা ফোন করুন  
**0300 0604400** নম্বরে

3) বিউফোর্ট রিসার্চ, "ওয়েলশ গভর্নমেন্ট - পাবলিক অ্যাটিটিউড টু  
20mph"; (2022)